২২/৭/২০০০

দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ৮ ... কলাম ৩

## ছাত্রী ক্যাডারদের সন্ত্রাস

প্রেস বিজ্ঞপ্তি : ইডেন কলেজ ছাত্রী সংসদের ভিপি হেলেন জেরীন খান ও জিএস সাইমুন বেগম এক বিবৃতিতে গত সোমবার রাতে কলেজের আবাসিক হলে ছাত্রলীগের ছাত্রী ক্যাডারদের গুলীবর্ষণ ও সন্ত্রাসী কার্যকলাপের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

গতকাল (বুধবার) বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, বর্তমান আওয়ামী সরকারের শাসনামলে ইডেন কলেজে মুজিববাদী ছাত্রলীগের ছাত্রী ক্যাডাররা অবৈধভাবে হল দখল করে সাধারণ ছাত্রীদের জিম্মি করে রেখেছে। ছাত্রলীগ ক্যাডাররা নিরীহ ছাত্রীদের কাছ থেকে তিন হাজার টাকা করে আদায় করে হলে সীট দিচ্ছে। তাদের এসব অন্যায়-অপকর্মের প্রতিবাদ করতে বহুবার ছাত্রীরা সন্ত্রাসের শিকার হয়েছে।

বিবৃতিতে উল্লেখ করা হয়, ইডেন কলেজের বর্তমান প্রিন্সিপ্যাল রওশন আরা চৌধুরী ও ভাইস প্রিন্সিপ্যাল নিলুফার ইয়াসমিনও ছাত্রলীগের সন্ত্রাস ও দুর্নীতির কাজে মদদ দিয়ে আসছেন। বিবৃতিতে হেলেন-সাইমুন কলেজের প্রিন্সিপ্যাল ও ভাইস প্রিন্সিপ্যালের অপসারণ এবং কলেজে সন্ত্রাসী ও দুর্নীতি কর্মকাণ্ডের সাথে জড়িত ছাত্রলীগ ক্যাডারদের বিচার দাবী করেন।